



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
web: www.krishibank.org.bd
dgmpd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৫)/২০১৮-২০১৯/৩০০৫

তারিখ : ২২.১১.২০১৮খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিকেবি, রতনদিয়া শাখা, রাজবাড়ী এর ডাটা এন্ট্রি সুপারভাইজার জনাব ফয়সাল আহম্মেদ (এফ-৭৩৩) এর বাম হাতের রেডিয়াল নার্ভের অপারেশনের জন্য মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, রতনদিয়া শাখা, রাজবাড়ী এর ডাটা এন্ট্রি সুপারভাইজার জনাব ফয়সাল আহম্মেদ (এফ-৭৩৩) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য আবেদন করেছেন।

০২। আবেদনকারী বিগত ০২.০৭.২০১৮ খ্রিঃ তারিখ কার্যদিবস শেষে মটরসাইকেল যোগে বাড়ী ফেরার পথে সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হন এবং তার দুই হাত ভেঙ্গে যায়। তিনি ১০.০৭.২০১৮ খ্রিঃ হতে ২১.০৭.২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বারিন্দ মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহীতে চিকিৎসাধীন থেকে অপারেশনের মাধ্যমে তার দুই হাতের হাড় জোড়া লাগানো হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট কর্মচারীর বাম হাতের রেডিয়াল নার্ভে মারাত্মক ইনজুরি ধরা পড়ে। একাধিক নিউরোলজিস্টের শরণাপন্ন হলে সংশ্লিষ্ট কর্মচারীকে জরুরী ভিত্তিতে বাম হাতের রেডিয়াল নার্ভ অপারেশন করার পরামর্শ দেয়া হয়েছে। উল্লেখিত অপারেশনের জন্য প্রায় ৪ লক্ষ টাকা খরচ হবে। তিনি একজন নিম্ন বেতনভুক্ত কর্মচারী হওয়ায় স্ত্রী, শিশু পুত্র, বৃদ্ধ মা-বাবা নিয়ে কোনক্রমে সংসার চালাচ্ছেন। সংশ্লিষ্ট কর্মচারীর বসতবাড়ী ছাড়া অন্য কোন জমি না থাকায় অপারেশনের টাকা জোগাড় করা সম্ভব না হওয়ায় তিনি কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসাবে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর নিকট মানবিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, উল্লেখিত আবেদনের পরিপ্রেক্ষিতে মানবিক বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের যার যার সাধ্যমত আর্থিক সাহায্য বাংলাদেশ কৃষি ব্যাংক, রতনদিয়া শাখা, রাজবাড়ীতে পরিচালিত আবেদনকারী জনাব ফয়সাল আহম্মেদ (এফ-৭৩৩) এর সঞ্চয়ী হিসাব নং-১১০৪-০৩১১১৫২৪৩ তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(এম. এ. রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নথি/অফিস নথি।